

## ভর্তি

# ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ: একাদশে ভর্তিতে যোগ্যতার শর্ত প্রকাশ, আসন ২৩৯০টি

পড়াশোনা ডেস্ক

প্রকাশ: ২৯ জুলাই ২০২৫, ০৮: ০৫



ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ছাত্রীদের জন্য বিজ্ঞানে (বাংলা মাধ্যম) জিপিএ ৩.৫০, বিজ্ঞানে (ইংরেজি ভার্সন) জিপিএ ৩.৫০, ব্যবসায় শিক্ষায় জিপিএ ৩.০০ এবং মানবিকে ৩.০০ পেতে হবে। ছবি: সংগৃহীত

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদনের জন্য এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা-২০২৫ অনুযায়ী ভর্তি করা হবে।

আবেদনের জন্য ন্যূনতম যোগ্যতা

১. ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ছাত্রীদের জন্য: বিজ্ঞানে (বাংলা মাধ্যম) জিপিএ ৩.৫০, বিজ্ঞানে (ইংরেজি ভাস্কন) জিপিএ ৩.৫০, ব্যবসায় শিক্ষায় জিপিএ ৩.০০ এবং মানবিকে ৩.০০ পেতে হবে।

২. অন্য শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রীদের জন্য: বিজ্ঞানে (বাংলা মাধ্যম): জিপিএ ৫.০০, বিজ্ঞানে (ইংরেজি ভাস্কন) জিপিএ ৫.০০, ব্যবসায় শিক্ষায় জিপিএ ৪.৫০ এবং মানবিকে ৪.০০ পেতে হবে।

## আসনসংখ্যা

বিজ্ঞানে (বাংলা মাধ্যম): ১৫৩০টি, বিজ্ঞানে (ইংরেজি ভাস্কন) ৩০০টি, ব্যবসায় শিক্ষায় ২৮০টি এবং মানবিক ২৮০টি আসনে সর্বমোট ২ হাজার ৩৯০ ছাত্রী ভর্তি করা হবে।

### অনলাইনে আবেদন ও নিশ্চায়নের তারিখ

প্রথম পর্যায়: অনলাইনে আবেদন ৩০ জুলাই থেকে ১১ আগস্ট ২০২৫, নিশ্চায়নের তারিখ ২০ আগস্ট থেকে ২২ আগস্ট ২০২৫।

দ্বিতীয় পর্যায়: অনলাইনে আবেদন ২৩ আগস্ট থেকে ২৫ আগস্ট ২০২৫, নিশ্চায়নের তারিখ ২৯ আগস্ট থেকে ৩০ আগস্ট ২০২৫।

তৃতীয় পর্যায়: অনলাইনে আবেদন ৩১ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর ২০২৫, নিশ্চায়নের তারিখ ৩ সেপ্টেম্বর থেকে ৪ সেপ্টেম্বর ২০২৫।

## দরকারি তথ্য

১. ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ছাত্রীদের মধ্যে যারা এ প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক, তাদের অবশ্যই প্রথম পছন্দ হিসেবে ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজ নির্বাচন করতে হবে। উল্লেখ্য, অনলাইনে আবেদন করার জন্য প্রত্যেক ছাত্রীকে সর্বনিম্ন ৫টি কলেজ নির্বাচন করতে হবে।

২. আবেদন ফি ২২০ টাকা মাত্র।

৩. ইংরেজি ভাস্কন বিজ্ঞান শাখা থেকে পাস করা ছাত্রীরাই শুধু ইংরেজি ভাস্কনে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৪. পরবর্তী সময়ে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত মেধাতালিকা প্রকাশের পর নির্বাচন নিশ্চায়ন ফি ৩৩৫ টাকা পরিশোধ করে প্রাথমিক নিশ্চায়ন সম্পন্ন করতে হবে।

৫. নিশ্চায়ন সম্পন্ন করার পর ভিএনএসসির নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন প্রক্রিয়ায় ভর্তি সম্পন্ন করতে হবে। অনলাইনে ভর্তি প্রক্রিয়ার বিস্তারিত পদ্ধতি পরবর্তী সময়ে নোটিশের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

# অনলাইন আবেদনের ওয়েব লিংক: <https://esvg.xiclassadmission.gov.bd/>

একাদশে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের তৃতীয় বা চতুর্থ বিষয় হিসেবে উচ্চতর গণিত নেওয়া বাধ্যতামূলক। সেই সঙ্গে জীববিজ্ঞান ও পরিসংখ্যান বিষয়ের মধ্যে যেকোনো একটি বিষয় নিতে পারবে। ছবি: সংগৃহীত

## জেনে রাখুন

- কোনো শিক্ষার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে নিশ্চায়ন করতে ব্যর্থ হলে, সে ভর্তি হতে পারবে না।
- একাদশ শ্রেণির ভর্তির নীতিমালা-২০২৫ অনুযায়ী বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে নিজ প্রতিষ্ঠানের কোটা কার্যকর হবে না।
- নিয়মিত ক্লাস করতে অনাগ্রহী শিক্ষার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের তৃতীয় বা চতুর্থ বিষয় হিসেবে উচ্চতর গণিত নেওয়া বাধ্যতামূলক। সেই সঙ্গে জীববিজ্ঞান ও পরিসংখ্যান বিষয়ের মধ্যে যেকোনো একটি বিষয় নিতে পারবে।

# বিস্তারিত তথ্য জানতে ওয়েবসাইট: [www.vnsc.edu.bd](http://www.vnsc.edu.bd)

